



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

১৯/১১/২০২৪

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১- ৬৯৬৬

তারিখ: ১৯/১১/২০২৪ খ্রি.

কর্মশালায় তারিখ পুনঃনির্ধারণ

সচিব

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, পিপিসি, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: 'Bangladesh GAP Standard and GAP Protocol' ওরিয়েন্টেশন কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER) প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ে GAP বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ১৫টি ফসলের GAP প্রোটোকল তৈরির বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে গত ২০২৩-২৪ অর্থবছরে ৮টি ফসলের (আম, কাঁঠাল, পেয়ারা, বেগুন, বরবটি, পটল, লাউ, কাঁচাপেঁপে) GAP প্রোটোকল প্রণয়ন ও মুদ্রণ করা হয়েছে। এছাড়াও, বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র মানদণ্ড মুদ্রণ করা হয়েছে। উক্ত প্রকাশনাসমূহ অবহিতকরণের লক্ষ্যে 'Bangladesh GAP Standard and GAP Protocol' ওরিয়েন্টেশন শীর্ষক কর্মশালা অনিবার্য কারণবশত আগামী ২১ নভেম্বর ২০২৪ তারিখের পরিবর্তে আগামী ০৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ পুনঃনির্ধারণ করা হলো।

এমতাবস্থায়, আগামী ০৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় বিএআরসি অডিটরিয়াম, ঢাকাতে অনুষ্ঠেয় কর্মশালায় GAP কার্যক্রম সংশ্লিষ্ট ০২ (দুই) জন কর্মকর্তাকে অংশগ্রহণের মনোনয়ন প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. নাজমুন নাহার করিম

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান (বু. দা.)

ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

অনুলিপি জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
২. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।